প্রার্থনা যেকোন পরিবর্তন ঘটাতে পারে। শিশুদের প্রার্থনা ঈশ্বর ভালোবাসেন।

"যীশু তাহাদিগকে কহিলেন, হ্যাঁ; তোমরা কি কখনও পাঠ কর নাই যে , 'তুমি শিশু ও দুগ্ধপোষ্যদের মুখ হইতে স্তব সম্পন্ন করিয়াছ?" মথি ২১: ১৬

শহর বা উন্নয়নশীল অনেক দেশের প্রাপ্তবয়স্ক এবং ছেলেমেয়েরা অনেক ধরণের বিষয় আছে যার সম্মুখীন বা মুখোমুখি কখনো হয় না: বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোর শহরগুলোতে বিভিন্ন রকম সমস্যা একটি নিরাপদ ও ঈশ্বরীয় প্রেমময় পারিবারিক জীবন গঠনে বাধা সৃষ্টি করে। আসুন এই ২১তম বিশ্ব প্রার্থনার সপ্তাহে আমরা চেষ্টা করি যেন ১ মিলিয়ন ছেলেমেয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করতে পারে এবং তাঁর রব শুনতে পারে: এর ফলাফল অনেকদিন পর্যন্ত থাকবে।

আসুন প্রার্থনায় একত্রিত হই...

প্রভু যীশু,
ছেলেমেয়েদের শিক্ষিত, তাদের যোগ্য, প্রতিষ্ঠিত করতে এবং তোমার রব যেন তারা শুনতে পায় এই জন্য আমাদের সাহায্য করো। আমাদের মাঝে যে ছেলেমেয়েরা আছে তাদের কাছে যেন আমরা তোমার ভালোবাসা এবং তোমার ক্ষমতা প্রকাশের সুযোগ যেন আমরা পাই। যে ছেলেমেয়েরা অনেক কষ্টের মধ্যে আছে এবং নির্যাতনের শিকার তারা যেন প্রার্থনার মাধ্যমে তোমার আরও কাছে আসতে পারে এবং অন্যদের কাছে তোমার ভালোবাসা প্রকাশ করতে পারে। প্রভু আমাদের প্রার্থনা করতে শিখাও। আমেন

বিশ্ব প্রার্থনা দিবসের জন্য প্রার্থনার দশটি বিষয়

১. **উৎপত্তি**
২১ বছর আগে যেখানে Viva উৎপত্তি হয়েছে সেই স্থানের জন্য প্রার্থনা

২. **একতা**
সকল সংস্থা বা প্রতিষ্ঠানের জন্য নির্বিশেষে প্রার্থনা। এটি একটি সংঘবদ্ধ প্রভাব।

৩. **নম্রতা**
ঈশ্বরের কাছে নিজেদের সপেঁ দিতে সাহায্য করে।

৪. **কেন্দ্রবিন্দু**
ঝুঁকির সম্মুখীন ছেলেমেয়েদের সম্পর্কে আমরা একটি বড় ধারণা পাব।

৫. **প্রেরণা**
আমাদের ভবিষ্যতে চলার পথে শক্তি এবং উদ্দেশ্যপূর্ণভাবে চলার প্রেরণা দেয়

৬. **সাধারণ কার্যক্রম**
কোন সূত্র নেই- সহজ অভিব্যক্তি

৭. **আর্শীবাদসমুহ**
লোকেরা অর্ন্তভূক্ত ও প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে এবং নিজেদের পরিবর্তন করেছে।

৮. **নেটওয়ার্ক**
প্রার্থনার মাধ্যমে বিভিন্ন নেটওর্য়াক প্রতিষ্ঠিত এবং বৃদ্ধি পায়।

৯. **মুক্ত**
এই ছেলেমেয়েরাই যেন ভবিষ্যতে আমাদের পরিচালনা করতে পারে।

১০. **কার্যকরী, উৎসাহিত, প্রস্তুত করা**
ঈশ্বর যেভাবে বলেন সেভাবে কাজ করা

বাইবেল থেকে মূল কিছু পদ

এক সময়ে তিনি কোন স্থানে প্রার্থনা করিতেছিলেন; যখন শেষ করিলেন, তাঁহার শিষ্যদের মধ্যে একজন তাঁহাকে কহিলেন, প্রভু, আমাদিগকে প্রার্থনা করিতে শিক্ষা দিউন, যেমন যোহনও আপন শিষ্যদিগকে শিক্ষা দিয়াছিলেন।
লূক ১১:১

তুমি শিশু ও দুগ্ধপোষ্যদের মুখ হইতে শক্তির ভিত্তিমূল স্থাপন করিয়াছ, তোমার বৈরিগণ হেতুই করিয়াছ, যেন শত্রু ও বিপক্ষকে ক্ষান্ত কর।
গীতসংহিতা ৮:২

তুমি আপন মুখকে বেগে কথা কহিতে দিও না,
এবং ঈশ্বরের সাক্ষাতে কথা
উচ্চারণ করিতে তোমার হৃদয় ত্বরান্বিত না হউক;
কেননা ঈশ্বর স্বর্গে ও তুমি পৃথিবীতে,
অতএব তোমার কথা অল্প হউক।
উপদেশক ৫:২

তাঁহাকে প্রচুর ধূপ দত্ত হইল, যেন তিনি তাহা সিংহাসনের সম্মুখস্থ স্বর্ণবেদির উপরে সকল পবিত্র লোকের প্রার্থনায় যোগ করেন। তাহাতে পবিত্রগণের প্রার্থনার সহিত দূতের হস্ত হইতে ধূপের ধূম ঈশ্বরের সম্মুখে উঠিল।
প্রকাশিত বাক্য ৮: ৩-4

পরে সদাপ্রভু আসিয়া দাড়াইলেন, এবং অন্য অন্য বারের ন্যায় ডাকিয়া কহিলেন, শমূয়েল, শমূয়েল; আর শমূয়েল উত্তর করিলেন, বলুন, আপনার দাস শুনিতেছে।
১ শমূয়েল ৩:১০

কিন্তু তুমি যখন প্রার্থনা কর, তখন তোমার অন্তরাগারে প্রবেশ করিও, আর দ্বার রুদ্ধ করিয়া তোমার পিতা, যিনি গোপনে বর্তমান, তাহাঁর নিকটে প্রার্থনা করিও; তাহাতে তোমার পিতা, যিনি গোপনে দেখেন, তিনি তোমাকে ফল দিবেন।
মথি ৬:৬

কাছাকাছি সময়ের কিছু ইভেন্টের উদাহরণ:

ইতালী: এমন একটি ইভেন্ট যেখানে ছেলেমেয়েরা একসাথে প্রার্থনা, আরাধনা, কবিতা, উপবাস, উপহার সংগ্রহ করে এবং শহরের মধ্যে তারা মার্চ করে।

অক্সফোর্ড, UK: রবিবারের সন্ধ্যার উপাসনা, প্রার্থনার ছোট ছোট স্থান (স্থানীয় প্রজেক্টের সাথে সংযুক্ত যেমন, সিরিয়া/লেবানন, গাজা/প্যালেস্টাইন এবং শিশু সৈনিক), উপাসনায় ছেলেমেয়েদের অংশগ্রহণ, চিন্তামূলক/সৃজনশীল ভিডিও দেখানো।

ক্যানসাস, USA : প্রি-স্কুল থেকে ৮ম গ্রেডের (১০০ জন) ছেলেমেয়েরা এক সাথে ছোট ছোট প্রার্থনার স্থানে একত্রিত হয়, তারা আরাধনা পরিচালনা করে, --- এর বিষয়ে সকলের সামনে উপস্থাপন করা (ছবি এবং স্লাইডসহ), সবশেষে একত্রে প্রার্থনার মাধ্যমে শেষ করে।

মাওনযা, তানজানিয়া: প্রার্থনার দিন এবং সেইসাথে কিছু খাবার, ছেলেমেয়েরা নিজেরাই একটি কয়ারের আয়োজন করে, ছেলেমেয়েরা নাটক করে এবং ভিন্ন ভিন্ন গ্রুপে একসাথে প্রার্থনা করে।

Guduru, India: প্রার্থনা, চার্চের উপাসনা এবং একটি প্রজেক্ট; রবিবারের উপাসনার পর যেখানে চার্চ অবস্থিত সেই এলাকায় কোন এতিমখানায় একবেলার খাবার দেয়া হয়, চার্চের ফান্ডের জন্য বিভিন্ন জায়গায় যোগাযোগ করা হয় যেন দরিদ্র লোকদের আরও খাবার খাওয়ানো যেতে পারে।

Wan Chai, Hong Kong: প্রতিফলন এবং ছেলেমেয়েদের জন্য প্রার্থনা করা হয়, অনেক লোকের সমাবেশ সহ প্রার্থনার আয়োজন করা হয়, --- মাধ্যমে সকলের কাছে প্রচার করা হয়।

Zimbabwe, Harare: ছেলেমেয়েরা শনিবার নিজেদের বাড়িতে প্রার্থনা করে এবং রবিবার চার্চে একসাথে প্রার্থনা করে।

Go to www.worldweekendofprayer.com for more details of our resources, including:

- এটি অনেক লোকের একটি ট্রেনিং প্রোগ্রাম যার মাধ্যমে চার্চের লোকদের এবং চার্চের নেতাদের শিক্ষা দেয়া হয়ে থাকে কিভাবে তারা ছেলেমেয়েদের প্রার্থনা এবং তার মাধ্যমে ঈশ্বরের রব শোনার ক্ষেত্রে সাহায্য করতে পারে।
- ছেলেমেয়েদের জন্য সচিত্র একটি বই যেখানে হান্না এবং শমূয়েলের গল্প বর্ণনা করা হয়েছে যার মাধ্যমে তারা আরও ভালোভাবে শিখতে পারে।
- একটি প্রার্থনার স্থান, যেখানে ছেলেমেয়েরা তাদের প্রার্থনার বিষয় লিখতে পারে এবং এই আন্দোলনের আগে ও পরে প্রার্থনার এ সপ্তাহের জন্য প্রার্থনা করতে পারে।

বিশ্ব প্রার্থনার দিবস যার মাধ্যমে প্রার্থনার জন্য প্রতি বছর জুন মাসের প্রথম সপ্তাহে সারা বিশ্বে ক্যাম্পেইন করা হয় এবং ৪০টি দেশের হাজারে একশো জন প্রাপ্তবয়স্ক ও ছেলেমেয়েরা একত্রিত হয়।

Viva একটি আন্তজার্তিক দাতাসংস্থা যা ছেলেমেয়েদের জীবন পরিবর্তনে সাহায্য করছে এবং ৩৭টি কমিউনিটি নেটওয়ার্ক একসাথে এর জন্য কাজ করছে ।

powered by Viva together for children